ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
ইউনিট রিপার্চেজ ডিপার্টমেন্ট
৩৫/সি কাশফিয়া প্লাজা, নয়াপল্টন
ঢাকা-১০০০।

তারিখঃ- ১০/০২/০৮ইং

বিষয়- ইউনিট রিপার্চেজ ডিপার্টমেন্টের গ্রাহকসেবার কার্যক্রমঃ

বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্তৃক ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬ এর ২১(২) ধারা এবং আইসিবি ইউনিট রেগুলেশনস, ১৯৮১ এর অধীনে এপ্রিল, ১৯৮১ তে আইসিবি ইউনিট ফান্ড (একটি বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড) গঠিত হয়। ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) এর অধীনে এবং আইসিবি অধ্যাদেশ এ প্রদত্ত ক্ষমতাবলে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এর ব্যবসায়িক কার্যক্রম শুরুর প্রেক্ষিতে ক্রমপুঞ্জিত বিনিয়োগ পরিকল্পনা (সিআইপি)-এর আওতা ব্যতিত আইসিবি ০১ জুলাই ২০০2 থেকে ইউনিট সার্টিফিকেট বিক্রয় বন্ধ রেখেছে। বিদ্যমান ইউনিট ফান্ডটি আইসিবি-র ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে।

ইউনিট রিপার্চেজ ডিপার্টমেন্ট কর্তৃক আইসিবি ইউনিট ধারকগণকে নিম্মোক্ত সেবা প্রদান করা হয়ে থাকেঃ

০১। ইউনিট পুনঃক্রয়ঃ

ক) ইউনিট ধারক/ধারকগণ কর্তৃক ইউনিট-D ফরম (সারেন্ডার ফরম) এ স্বাক্ষর প্রদান এবং যথাযথভাবে পুরণপুর্বক সংশ্লিষ্ট ইউনিট সার্টিফিকেটসমুহ অত্র ডিপার্টমেন্টে জমা প্রদানের পর ধারকগণকে তাৎক্ষনিকভাবে সার্টিফিকেট গ্রহনের প্রাপ্তি স্বীকার রশিদ প্রদান করা হয়।

খ) রিপার্চেজ সংশ্লিষ্ট বিভাগীয় কার্যাবলী সম্পাদন ও নিরীক্ষা ছাড়পত্রের প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ০২ (দুই) কার্য দিবসের মধ্যে ‘গ্রাহকের হিসাবে প্রদেয়’ চেকের মাধ্যমে ইউনিট রিপার্চেজের অর্থ গ্রাহককে প্রদান করা হয়। গ্রাহকগণ নিজে অথবা অনুমোদিত প্রতিনিধির মাধ্যমে চেক সংগ্রহ করতে পারেন।

গ) আইসিবি ইউনিট পুনঃক্রয়মুল্য বৃদ্ধি পেলে গ্রাহকদের সুবিধার্থে ০১ (এক) টি বাংলা ও ০১ (এক) টি ইংরেজী দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয়।

ঘ) সপ্তাহের শেষ কার্যদিবসে এবং জুলাই মাসে ইউনিট পুনঃক্রয় বন্ধ থাকে।

০২। সিআইপি সার্টিফিকেট ইস্যু ও সেবা প্রদানঃ

ক) ক্রমপুঞ্জিত বিনিয়োগ পরিকল্পনার আওতায় লভ্যাংশ ঘোষনার তারিখ থেকে পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে সিআইপি সার্টিফিকেট ইস্যু করে গ্রাহকদের ডেলিভারীর ব্যবস্থা গ্রহন করা হয়।

খ) সিআইপি সার্টিফিকেট বিনিয়োগকারী নিজে অথবা অনুমোদিত প্রতিনিধির মাধ্যমে অফিস চলাকালীন সময়ে তাৎক্ষনিকভাবে অত্র ডিপার্টমেন্ট হতে সংগ্রহ করতে পারেন।

গ) বিগত বছরসমুহের সিআইপি সার্টিফিকেট যাঁরা সংগ্রহ করেননি তাঁরা তাৎক্ষনিকভাবে অত্র ডিপার্টমেন্ট থেকে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করতে পারেন।

০৩। মৃত্যুজনিত কারণে ইউনিট হস্তান্তরের প্রক্রিয়াঃ

একক ইউনিটধারকের ক্ষেত্রে প্রযোজ্যঃ

ক) সহকারী মহাব্যবস্থাপক, ইউনিট রিপার্চেজ ডিপার্টমেন্ট, আইসিবি বরাবরে রেজিষ্ট্রেশন নম্বর ও সার্টিফিকেট নম্বর উল্লেখপুর্বক উত্তরাধিকারী কর্তৃক সাদা কাগজে আবেদন পত্র;

খ) মৃত্যু সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

গ) কোর্ট কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি;

ঘ) আইসিবি ইউনিট-C ফরম যথাযথভাবে পূরণ এবং ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক উত্তরাধিকারীর স্বাক্ষর সত্যায়ন;

ঙ) মুল সাটিফিকেট সমূহ জমা ;

চ) ১০০ ইউনিট অথবা এর কম ইউনিটের ক্ষেত্রে সাকসেশন সার্টিফিকেট এর ক্ষেত্রে স্থানীয় সরকার (চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার) প্রদত্ত ওয়ারিশান সার্টিফিকেট প্রদান এবং তদুর্ধ্ব ইউনিটের জন্য আদালত প্রদত্ত সাকশেসন সার্টিফিকেট প্রদান করতে হবে;

ছ) ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে রেজিষ্ট্রেশন নম্বর,সার্টিফিকেট নম্বর উল্লেখপুর্বক সকল উত্তারিধাকারী কর্তৃক একজনকে ক্ষমতা প্রদান/অঙ্গীকারনামা প্রদান;

জ) উত্তরাধিকারীগণের ছবি এবং উক্ত ছবির পিছনে উত্তরাধিকারীর নাম ও স্বাক্ষর প্রদান এবং সত্যায়ন।

উপরোক্ত দলিলপত্রাদি প্রাপ্তির পর নিরীক্ষা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট উত্তরাধিকারীর অনুকুলে সর্বোচ্চ ০৭ (সাত) কার্যদিবসের মধ্যেই হস্তান্তর ও নিবন্ধন কার্য সম্পাদান ও সার্টিফিকেট ডেলিভারী দেয়ার ব্যবস্থা গৃহীত হয়।

<u>যৌথ ইউনিটধারকের ক্ষেত্রে প্রযোজ্যঃ</u>

ক) সহকারী মহাব্যবস্থাপক, ইউনিট রিপার্চেজ ডিপার্টমেন্ট, আইসিবি বরাবরে রেজিষ্ট্রেশন নম্বর ও সার্টিফিকেট নম্বর উল্লেখপুর্বক জীবিত ইউনিট ধারক কর্তৃক আবেদন পত্র;

খ) মৃত্যুর সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

গ) আইসিবি ইউনিট-C ফরম যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর প্রদান;

ঘ) সংশ্লিষ্ট মুল সাটিফিকেট সমূহ জমা প্রদান ;

উপরিউক্ত দলিলপত্রাদি প্রাপ্তির পর নিরীক্ষা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জীবিত ধারকের অনুকুলে হস্তান্তর ও নিবন্ধন কার্য সম্পাদানসহ সার্টিফিকেট ডেলিভারী দেয়ার ব্যবস্থা গৃহীত হয়।

০৪। ইউনিট সার্টিফিকেট হস্তান্তর ঃ

ক) সীমিত আকারে শুধুমাত্র নিজ পরিবারের সদস্যদের মধ্যে ইউনিট সার্টিফিকেট হস্তান্তর করা যাবে।

খ) হস্তান্তরের ক্ষেত্রে ইউনিট-B ফরম পুরণ করে ইউনিট সার্টিফিকেট সহ ইউনিট প্রদানকারী (Transferor) এবং ইউনিট গ্রহনকারী (Transferee) কে বিভাগীয় উপ-মহাব্যবস্থাপক এর নিকট থেকে অনুমোদন গ্রহন করতে হবে।

গ) অনুমোদন গ্রহন এবং সার্টিফিকেট জমাদানের ০৭(সাত) কার্যদিবসের মধ্যে হস্তান্তর ও নিবন্ধন কার্য সম্পাদন শেষে গ্রাহকের নিকট ডেলিভারির ব্যবস্থা গ্রহন করা হয়।

ঘ) জুলাই মাসে ইউনিট হস্তান্তর বন্ধ থাকে।

০৫। <u>ইউনিট সার্টিফিকেট হারিয়ে/পুড়িয়ে গেলে নতুন সার্টিফিকেট ইস্যুর ক্ষেত্রেঃ</u>

ক) সহকারী মহাব্যবস্থাপক, ইউনিট রিপার্চেজ ডিপার্টমেন্ট, আইসিবি বরাবরে আবেদন করতে হবে;

খ) রেজিষ্ট্রেশন নম্বর, সার্টিফিকেট নম্বর উল্লেখপুর্বক সংশ্লিষ্ট থানার জিডি এন্ট্রির কপি প্রদান করতে হবে;

গ) জাতীয় দৈনিক পত্রিকায় রেজিস্ট্রেশন নম্বর, সার্টিফিকেট নম্বর ও জিডি এন্ট্রির নম্বর উল্লেখসহ হারানো বিজ্ঞপ্তির কপি দিতে হবে;

ঘ) ১৫০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইনডেমনিটি বন্ড প্রদান করতে হবে;

ঙ) আইসিবি ইউনিট-K ফরম যথাযথভাবে পুরণপুর্বক জমা প্রদান করতে হবে;

চ) নতুন সার্টিফিকেট ইস্যুর ক্ষেত্রে প্রতিটি সার্টিফিকেটের জন্য ১২/- টাকা হারে ফি পরিশোধ করতে হবে।

উপরিউক্ত দলিল-পত্রাদিসহ আবেদনপত্র প্রাপ্তি সাপেক্ষে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের তারিখ থেকে ৯০ দিন (তিন মাস) পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিরীক্ষার ছাড়পত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ইউনিট ধারকের অনুকূলে নতুন সার্টিফিকেট ইস্যু ও ডেলিভারীর ব্যবস্থা করা হয়।

০৬। <u>ইউনিট একত্রিকরণ ও বিভক্তিকরণঃ</u>

ইউনিট-H ফরম যথাযথভাবে পুরণপুর্বক মুল সার্টিফিকেটসমুহ জমাদানের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যেই ইউনিট ধারকের চাহিদা অনুযায়ী নির্ধারিত সার্টিফিকেটে একত্রিকরণ ও বিভক্তিকরণের ব্যবস্থা গ্রহন করা হয়। এক্ষেত্রে ইউনিট ধারককে প্রতিটি নতুন সার্টিফিকেট ইস্যুর জন্য ১২/- (বার) টাকা হারে ফি পরিশোধ করতে হবে।

০৭। <u>ইউনিট লিয়েন মার্কঃ</u>

ইউনিট লিয়েন এর ক্ষেত্রে ইউনিট-D ফরম এর স্বাক্ষর সত্যায়নপুর্বক তাৎক্ষনিকভাবে লিয়েন মার্ক এর ব্যবস্থা গ্রহন করা হয় এবং সংশ্লিষ্ট ব্যাংক অথবা ঋন প্রদানকারী সংস্থাকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়।

০৮। <u>সনদপত্র প্রদানঃ</u>

ইউনিট ধারকদের চাহিদা অনুযায়ী লভ্যাংশ সনদপত্র ও বিনিয়োগ সনদপত্র অত্র ডিপার্টমেন্ট থেকে তাৎক্ষনিকভাবে সরবরাহ করা হয়।

<u>যোগাযোগ যোগাযোগের ঠিকানাঃ</u>

সহকারী মহাব্যবস্থাপক
ইউনিট রিপার্চেজ ডিপার্টমেন্ট
কাশফিয়া প্লাজা
৩৫/সি, নয়াপল্টন
ঢাকা-১০০০।
ফোন ঃ ৯৩৩১২২৮

কোন প্রকার অভিযোগ বা অনুযোগ থাকলে উপ-মহাব্যবস্থাপক, ফান্ডস্ এর সাথে সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

<u>যোগাযোগ যোগাযোগের ঠিকানাঃ</u>

উপ মহাব্যবস্থাপক
ফান্ডস্ ডিভিশন
কাশফিয়া প্লাজা
৩৫/সি, নয়াপল্টন
ঢাকা-১০০০।
ফোন ঃ ৮৩১১৩৮৮